

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 (কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং ১৫৯-আইন/২০১৫/৩৯/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭৮-আইন/২০১০/ ২২৯৬/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading No. 85.38 এবং উহার বিপরীতে কলাম (2) এ বর্ণিত H.S. Code “8538.90.00” এর পরিবর্তে “8538.90.90” প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) TABLE-3 এর কলাম (1) এ উল্লিখিত Heading No 55.02 এবং উহার বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code “5502.00.10” এর পরিবর্তে “5502.00.00” প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
 (মোঃ নজিবুর রহমান)
 সচিব।